



ইসরায়েলকে মুছে ফেলার হুঁশিয়ারি মোজতবা খামেনির



মোজতবা খামেনি। ছবি: সংগৃহীত

পবিত্র হজ ও ঈদুল আজহা উপলক্ষে দেওয়া এক বার্তায় ইসরায়েলের বিরুদ্ধে কঠোর অবস্থান ব্যক্ত করেছেন ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি। তিনি বলেছেন, ইহুদিবাদী রাষ্ট্র হিসেবে পরিচিত ইসরায়েলকে একদিন বিশ্ব মানচিত্র থেকেই সরিয়ে দেওয়া হবে।

মঙ্গলবার (২৬ মে) ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম তাসনিম নিউজে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

বার্তায় খামেনি ইসরায়েলকে মধ্যপ্রাচ্যের জন্য 'বিপজ্জনক ক্যান্সার' হিসেবে উল্লেখ করেন। তার দাবি, চলমান সংঘাতে ইরান এমন প্রতিরোধ গড়ে তুলেছে, যার ফলে ইসরায়েলি শাসকগোষ্ঠী চাপে পড়ে গেছে এবং দুর্বল অবস্থানে পৌঁছেছে।

তিনি আরও বলেন, চলতি হজ মৌসুমে মুসলিম বিশ্বে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরোধিতার বিষয়টি আরও জোরালোভাবে সামনে এসেছে। তার মতে, 'আমেরিকার পতন হোক' এবং 'ইসরায়েলের পতন হোক' ধরনের স্লোগান মুসলিম উম্মাহর মধ্যে আরও বিস্তৃতভাবে ছড়িয়ে পড়বে।

খামেনি দাবি করেন, ভবিষ্যৎ বিশ্বব্যবস্থায় মুসলিম উম্মাহর প্রভাব আরও বাড়বে এবং নতুন ইসলামি সভ্যতার উত্থান ঘটবে। তার এই বক্তব্যকে ঘিরে মধ্যপ্রাচ্যের রাজনৈতিক অঙ্গনে নতুন আলোচনা শুরু হয়েছে।